হযরতের এক সাহাবী যিনি ১০ বৎসর হযরতের খেদমত করেছেন তিনি বলেন নবী (সাঃ) সর্বদা তার সাথে নম্র-ভদ্র আচরণ করতেন। তিনি বলেন আমি কোন কাজ করলে একথা বলতেননা যে, কেনো করেছ? আর কোন কাজ না করলে একথাও বলতেননা যে, কেনো করনাই? আহমদ-১১২৭৮৪

*আল্লাহ বলেন-”আল্লাহর রহমতেই আপনি তাদের প্রতি নম্র কোমল হৃদয় হয়েছেন। পক্ষান্তরে আপনি যদি কঠিন হৃদয় হতেন, তাহলে তারা আপনার কাছ থেকে সরে যেতো। ছুরা আল-ইমরান-১৫৯*

CONTENTS

ইসলাম সম্পর্কে একটি সংক্ষিপ্ত ভূমিকা
BENGALI (01/05) نبذة عن الإسلام FREE COPY
ইসলামের মৌল বিষয় সমূহ

ইসলামে ইলাহ বা উপাস্য এর মর্ম
BENGALI (02/05) مفهوم الإله في الإسلام FREE COPY
সৃষ্টিকর্তা আল্লাহ (সুবহানাহু ওয়া তায়ালা) থেকে মহান আর কেউ নেই।

নবী হযরত মুহাম্মদ (সাঃ)
BENGALI (03/05) النبي محمد ﷺ FREE COPY
এ মহান ব্যক্তিকে আপনার জানা উচিৎ

জীবনের উদ্দেশ্য কি?
BENGALI (04/05) الغاية من الحياة FREE COPY
আমি কোথা থেকে এসেছি? কেন আমি এই জেন্দেগীতে?

ইসলাম প্রশ্ন / উত্তরে
BENGALI (05/05) الإسلام (سؤال وجواب) FREE COPY

কোন এক ঘটনায় নবী (সাঃ) এর জনৈকা স্ত্রী কোন একজনের সাথে ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন। তখন নবী (সাঃ) তাঁকে এ মর্মে উপদেশ দেন যে, হে আয়েশা নম্র এবং শান্ত হও, কেননা আল্লাহ নম্র, তাই সকল ক্ষেত্রে নম্রতা পছন্দ করেন। সহীহ বোখারী ৬০২৪

*আল্লাহ তায়ালা বলেন আল্লাহর সঠিক বান্দা তারাই যারা ভূপৃষ্ঠে বিনয় ও নম্রতার সাথে চলে। এবং অজ্ঞ বা মুর্খ লোকেরা যখন কথা বলে তখন তার উত্তরে তারা বলে সালাম। (অর্থাৎ মুর্খদের জওয়াবে তারা নিরাপত্তা গ্রহন করে।) আল ফুরকান-৬৩*

তিনি আরো বলেন, নম্রতার মধ্যেই সৌন্দর্য নিহিত, আর যখন নম্রতা থকবেনা তখন সেই সৌন্দর্য উধাও হয়ে যাবে। মুসলিম ২৪৯৪

## বিনয়

নবী (সাঃ) সব সময় মানুষকে তাঁর উপস্থিতিতে (সম্মানের উদ্দেশ্যে) দাঁড়িয়ে যেতে নিষেধ করতেন। তিনি কোন সমাবেশে গেলে যেখানেই জায়গা পেতেন বসে যেতেন। তিনি কখনও এমন পোষাক পরতেননা যা তাঁকে সাহাবাদের থেকে আলাদা কিংবা উচ্চতর পর্যায়ে দেখায়। তিনি গরীব দুঃখীদের সাথে অনায়াসে মিশতেন। তিনি বৃদ্ধদের সাথে বসতেন এবং বিধবাদের সমবেদনা জানাতেন ও সাহায্য করতেন। যারা তাঁকে চিনতনা তারা তাঁকে অন্যের থেকে আলাদা করতে পারত না, যখন তিনি লোকদের মধ্যে হতেন।

নবী (সাঃ) তাঁর সাহাবাদেরকে উদ্দেশ্যে করে বলেন- আল্লাহ আমাকে নম্রতার শিক্ষা দিয়েছেন। যাতে কেউ কাহারও উপর বড়াই তাকাব্বুরী না করে এবং পরস্পর পরস্পরকে অত্যাচার না করে। মুসলিম ২৮৬৫

তিনি (সাঃ) আরো বলেন - খ্রিষ্টানরা ঈসা (আঃ) এর প্রশংসায় যেমনিভাবে সীমা অতিক্রম করেছে তেমনিভাবে তোমরা আমার প্রশংসায় সীমা অতিক্রম করোনা। আমি আল্লাহর বান্দা। সুতরাং আমার ব্যাপারে শুধু এটাই বলবে যে, মুহাম্মদ (সাঃ) আল্লাহর বান্দা এবং তার রাসুল। সহীহ বোখারী ৩৪৪৫

## আদর্শ স্বামী

নবী (সাঃ) এর পরম প্রিয় স্ত্রী আয়েশা (রাঃ) বলেন তিনি (সাঃ) গৃহে পারিবারিক কাজে সাহায্য করতেন, সিলাই করতেন, জুতা মেরামত করতেন অর্থাৎ গৃহস্থালী কাজে সাহায্য করতেন। আহমদ ২৫৩৪

*আল্লাহ বলেন "এবং তোমরা তোমাদের স্ত্রীদের সাথে আন্তরিকতা ও শান্তিতে জীবন-যাপন কর। আন-নিসা-১৯*

CONTENTS





















আর এমন নয় যে, তিনি নিজেই শুধু পরিবারের প্রতি দয়ালু বা সহায়ক ছিলেন বরং তার সংগী ছাহাবাদেরকেও এ ধরনের হতে নসীহত ও পরামর্শ দিতেন। তিনি বলেন-ঈমানদারদের মধ্যে তারাই সর্বোত্তম যারা নৈতিকভাবে উত্তম ও তাদের স্ত্রীদের প্রতি উদার আহমদ - ২৪২০৪

## আদর্শ উদাহরন

আল্লাহ বলেন- "মুহাম্মদ (সাঃ) মহান চরিত্রের অধিকারী"। আল ক্বলম ৬৮

উপরে যা উল্লেখ করা হয়েছে তা শুধু মুহাম্মদ (সাঃ) এর জীবনাচারের একটি আভাস মাত্র।

ইহা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, যদি আমরা ইসলামকে জানতে ও বুজতে চাই, তাহলে আমাদেরকে ইসলামের মূল সূত্র অর্থাৎ কোরআন ও হাদীস থেকেই জানতে ও বুজতে হবে। কতিপয় বিপথগামী মুসলমানের ব্যখ্যা থেকে নয়।

## নবী (সাঃ) সম্পর্কে অমুসলিমদের মন্তব্য

ভারতীয় স্বাধীনতা আন্দোলনের একজন বড় নেতা মহাত্মাগান্ধীর মন্তব্য- মুহাম্মদ সা: এর সরলতা, দৃঢ়তা, সততা, এবং ওয়াদা পালন, অনুসারীদের প্রতি একান্ত মনোযোগ, নির্ভীকতা, দুঃসাহস, আল্লাহর প্রতি পরিপূর্ণ বিশ্বাস। এ সমস্ত বৈশিষ্ট ও গুণের কারণেই তিনি (সাঃ) সকল বাধা কেটে জয়লাভ করতে সামর্থ হয়েছে। তলোয়ারের জোরে নয়।

বৃটিশ উপন্যাসিক জর্জ বার্ণডশ বলেছেন, বর্তমান যুগে এই পৃথিবীতে সকল সমস্যার সমাধানের জন্য মুহাম্মদ (সাঃ) এর মতো একজন মানুষের একান্ত প্রয়োজন। কিন্তু মধ্যযুগের ধর্মাবলম্বীরা তাদের অজ্ঞতা ও গোঁড়ামীর কারণে তাঁকে খৃষ্টান ধর্মের শত্রু বলে ভাবতে থাকে। কিন্তু এই মানুষটির জীবনী সম্পর্কে অবগত হওয়ার পর আমি তাঁকে একজন বিষ্ময়কর ও অলৌকিক ব্যক্তি হিসাবে পেয়েছি এবং এই সিদ্ধান্তে উপনীত হই যে, তিনি কখনও খ্রিষ্টানদের শত্রু নন বরং বলা যাবে তিনি মানবতার ত্রানকর্তা বা উদ্ধারকারী। আমার মতে, যদি এই যুগে বিশ্বকে নিয়ন্ত্রণের দায়িত্ব তার হাতে হতো। তাহলে এই বিশ্বে সকল সমস্যার সমাধানসহ সুখ ও শান্তি প্রতিষ্ঠা হতো।


HOTLINE
+971 56 204 2045
islamicicdxb
islamicic.com
info@islamicic.com
+971 4 355 5223
DOWNLOAD BENGALI FLYERS
www.iicdxb.com/bengali

CONTENTS

ইসলাম সম্পর্কে একটি সংক্ষিপ্ত ভূমিকা
BENGALI (01/05) نبذة عن الإسلام FREE COPY
ইসলামের মৌল বিষয় সমূহ

ইসলামে ইলাহ বা উপাস্য এর মর্ম
BENGALI (02/05) مفهوم الإله في الإسلام FREE COPY
সৃষ্টিকর্তা আল্লাহ (সুবহানাহু ওয়া তায়ালা) থেকে মহান আর কেউ নেই।

নবী হযরত মুহাম্মদ (সাঃ)
BENGALI (03/05) النبي محمد FREE COPY
এ মহান ব্যক্তিকে আপনার জানা উচিৎ

জীবনের উদ্দেশ্য কি?
BENGALI (04/05) الغاية من الحياة FREE COPY
আমি কোথা থেকে এসেছি?
কেন আমি এই জেন্দেগীতে?

ইসলাম প্রশ্ন / উত্তরে
BENGALI (05/05) الإسلام (سؤال وجواب) FREE COPY

# জীবনের উদ্দেশ্য কি?

BENGALI (04/05) الغاية من الحياة FREE COPY

আমি কোথা থেকে এসেছি?
কেন আমি এই জেন্দেগীতে?
আর মৃত্যুর পর আমি
কোথায় যাবো।

جمعية دار البر
Dar Al Ber Society
www.daralber.ae

الإمارات
THE EMIRATES

Your Path To Peace..

مركز المعلومات الإسلامي
Islamic Information Center
للتعريف بالإسلام

تصريح رقم:
(2017/139)
دائرة الشؤون الإسلامية والعمل الخيري
Islamic Affairs & Charitable Activities Department

www.islamicic.com

CONTENTS


ইসলাম সম্পর্কে একটি সংক্ষিপ্ত ভূমিকা
BENGALI (01/05) نبذة عن الإسلام FREE COPY
ইসলামের মৌল বিষয় সমূহ

ইসলামে ইলাহ বা উপাস্য এর মর্ম
BENGALI (02/05) مفهوم الإله في الإسلام FREE COPY
সৃষ্টিকর্তা আল্লাহ (সুবহানাহু ওয়া তায়ালা) থেকে মহান আর কেউ নেই।

নবী হযরত মুহাম্মদ (সাঃ)
BENGALI (03/05) النبي محمد ﷺ FREE COPY
এ মহান ব্যক্তিকে আপনার জানা উচিৎ

জীবনের উদ্দেশ্য কি?
BENGALI (04/05) الغاية من الحياة FREE COPY
আমি কোথা থেকে এসেছি? কেন আমি এই জেন্দেগীতে?

ইসলাম প্রশ্ন / উত্তরে
BENGALI (05/05) الإسلام (سؤال وجواب) FREE COPY




# জীবনের উদ্দেশ্য কি?

আমাদের এই জীবনের উদ্দেশ্যের কথা মনে হলে উপরের প্রথম প্রশ্নটি মনে আসে- যে, আমরা কোথায় থেকে এসেছি?

এখানে প্রশ্ন আসে যে, আমরা কি এই পৃথিবীতে আকস্মিকভাবে কোন স্রষ্টা ছাড়া অপরিকল্পিতভাবে এসেছি না আমাদের সৃষ্টির পিছনে রয়েছে এক মহান স্রষ্টা? এক স্রষ্টার অস্তিত্বের উপস্থিতির বিশ্বাসই একমাত্র প্রথম পদক্ষেপ, আমাদের জীবনের সত্যিকার উদ্দেশ্য বুঝার জন্য। স্রষ্টাকে বিশ্বাস করার পিছনে অনেক যুক্তিসংগত প্রমান রয়েছে। নিচে সংক্ষেপে তিনটি যুক্তি উপস্থাপন করা হল।

## বিশ্বজগতের সূচনা পর্ব

স্রষ্টার অস্তিত্বের বিশ্বাস বিশ্ব জগতের উৎপত্তির সাথে সম্পর্কযুক্ত।

মনে করুন, আপনি একটি মরুভূমিতে হাটতে গিয়ে একটি ঘড়ি পেয়ে গেলেন। আমরা জানি ঘড়ি গ্লাস, প্লাস্টিক এবং ধাতু বা খনিজ পদার্থ দিয়ে তৈরী। গ্লাস আসে বালু থেকে, প্লাস্টিক পেট্রোল বা তেল থেকে এবং খনিজ পদার্থ জমি খনন করে পাওয়া যায়। এসব উপাদানের সবগুলোই মরুভূমিতে পাওয়া যায়। তাই কি আপনি বিশ্বাস করবনে যে, ঘড়িটি নিজ নিজেই অপরিকল্পিতভাবে তৈরী হয়ে পড়ে আছে? লক্ষ বছর ধরে সূর্যের আলো, বাতাস, ভূপৃষ্ঠে তেলের উদগীরন এবং বালু ও পদার্থের সাথে সংমিশ্রণে ঘড়িটি হঠাৎ করে নিজ নিজেই তৈরী হয়েছে এটা কি কেউ বিশ্বাস করবে?

মানুষের অভিজ্ঞতা এবং অতি সাধারণ যুক্তি থেকে বলা যায় যে, প্রতিটি বস্তু যার একটি সূচনা আছে তা শূণ্য থেকে আসতে পারে না। নিজ নিজে সৃষ্টি হতে পারে না। অতএব সর্বাপেক্ষা যৌক্তিক ব্যখ্যা হচ্ছে যে, একটি পরম সত্ত্বা এই জগত সৃষ্টি করেছেন। এই সত্বা অবশ্যই খুবই শক্তিশালী এবং বুদ্ধিমান। যিনি জগতের স্রষ্টা তিনিই হলেন "আল্লাহ" আমরা আরো যুক্তি দিয়ে বলতে পারি যে, এই স্রষ্টা স্থান কাল ও কানুনের উর্ধে। কেননা স্থান কাল, জগৎ সৃষ্টির সূচনালগ্নেই সৃষ্ট। এসব ধারনাই আমাদেরকে স্রষ্টার অস্থিত্বের ব্যাপারে মৌলিক ধারণা দেয়।

*কেউ জিজ্ঞেস করতে পারেন, কে আল্লাহকে সৃষ্টি করেছেন? এর উত্তর হলো - আল্লাহ বা স্রষ্টা হলেন চিরন্তন, যিনি সর্বদা ছিলেন, আছেন ও থাকরবন। অতএব "স্রষ্টার" স্রষ্টা "কে" এই প্রশ্ন সম্পূর্ণ অমূলক ও অযৌক্তিক।*

আধুনিক বিজ্ঞানও এ কথায় একমত যে, বিশ্ব জগত সীমাবদ্ধ এবং এর একটি সূচনা রয়েছে।

CONTENTS


ইসলাম সম্পর্কে একটি সংক্ষিপ্ত ভূমিকা
BENGALI (01/05) نبذة عن الإسلام FREE COPY
ইসলামের মৌল বিষয় সমূহ

ইসলামে ইলাহ বা উপাস্য এর মর্ম
BENGALI (02/05) مفهوم الإله في الإسلام FREE COPY
সৃষ্টিকর্তা আল্লাহ (সুবহানাহু ওয়া তায়ালা) থেকে মহান আর কেউ নেই।

নবী হযরত মুহাম্মদ (সাঃ)
BENGALI (03/05) النبي محمد FREE COPY
এ মহান ব্যক্তিকে আপনার জানা উচিৎ

জীবনের উদ্দেশ্য কি?
BENGALI (04/05) الغاية من الحياة FREE COPY
আমি কোথা থেকে এসেছি? কেন আমি এই জেন্দেগীতে?

ইসলাম প্রশ্ন / উত্তরে
BENGALI (05/05) الإسلام (سؤال وجواب) FREE COPY




# বিশ্বজগতের সৃষ্টির পরিপূর্ণতা

স্রষ্টার অস্তিত্বের দ্বিতীয় প্রমাণ হল এই জটিল জগতের ভারসাম্য এবং শৃঙ্খলার পূর্ণতা।

এই জগতের প্রতি গভীরভাবে লক্ষ্য করলে দেখা যায় যে, এই জগতকে বস-বাসের উপযোগী করে তৈরী করা হয়েছে। যেমন সূর্য থেকে পৃথিবীর দূরত্ব, ভূপৃষ্টের শক্ত আবরণ, পৃথিবীর ঘূর্ণনের গতি ও বাতাসে অক্সিজেনের উপস্থিতির মাত্রা। যদি বিদ্যমান এই অবস্থার পরিমান বা মাত্রার মধ্যে একটুও বেশ-কম হয় তাহলে এই জীবনের কোন অস্তিত্ব থাকবেনা।

যেমনিভাবে ঘড়ির বিচক্ষণ নির্মাতা ঘড়িতে সঠিক সময় নিশ্চিত করেছেন, তেমনিভাবে ভূমন্ডলের মহান বিচক্ষণ স্রষ্টাও সূর্যের চারদিকে সঠিকভাবে পৃথিবীর ঘূর্ণনকে নিশ্চিত করেছেন। এটাকি আপনা আপনিই ঘটতে পারে?

আমরা আমাদের নিজের প্রতি ও বিশ্ব জগতের এই সু-শৃঙ্খলা বা সিস্টেমের প্রতি গভীরভাবে লক্ষ করলে এটা কি যৌক্তিক মনে হয়না যে, অবশ্যই এর পিছনে রয়েছেন এক মহান সর্বশক্তিমান সৃষ্টিকর্তা বা সংগঠক। যিনি এই সু-শৃঙ্খলা বিধান করেছেন। আর তিনিই হলেন ''আল্লাহ'' একমাত্র তিনিই এসব সৃষ্টি ও সংগঠন করেছেন।

# আল্লাহর বাণী

আল্লাহর অস্তিত্বের পক্ষে তৃতীয় প্রমান হল তিনি (আল্লাহ) মানবজাতির কল্যাণের জন্য কুরআন প্রেরণ করেছেন। এটা বিভিন্নভাবে পরিস্কার যে, ইসলামের এ মহাগ্রন্থ কুরআনে কারীম হচ্ছে স্বয়ং আল্লাহর বাণী। এর স্বপক্ষে কিছু যুক্তি নিচে দেয়া হল।

*পথনির্দেশনার বাণী সম্বলিত গ্রন্থ এই কুরআনের মধ্যেই আল্লাহর অস্তিত্বের প্রমান পাওয়া যায়।*

আল্লাহর অস্তিতের তৃতীয় প্রমানটি হলো "ওহী" বা "ঐশীবাণী" যা মানবজাতির প্রতি আল্লাহ প্রেরণ করেছেন, তার অস্তিত্বের আলামত বা প্রমান স্বরুপ। কোরআন হচ্ছে স্বয়ং আল্লাহর বাণী ও ইসলাম ধর্মের মহাগ্রন্থ। এর স্বপক্ষে নিম্নে কিছু যুক্তি দেয়া হলো।

* প্রায় চৌদ্দশত বছরের আগে এই কোরআন অবতীর্ণ হয়েছে। আর এই মহাগ্রন্থে রয়েছে বহু বিজ্ঞানসম্মত তথ্য যা তখনকার মানুষের অজানা ছিল এবং যা সম্প্রতিকালে আবিস্কার হয়েছে। উদাহরণস্বরূপ বলা যায় (১) জীবন্ত সবকিছুর উৎস হচ্ছে পানি (ছুরা-আম্বিয়া ২১.৩০) (২) বিশ্বজগতের সম্প্রসারণ (ছুরা-আজ-জারিয়াত- ৫১.৪৭) এবং চন্দ্র সূর্যের নিজস্ব কক্ষপথ (ছুরা-আম্বিয়া ২১.৩৩)

* কুরআনে রয়েছে অনেক ঐতিহাসিক তথ্য যা তখনকার মানুষের অজানা ছিল অনুরুপভাবে অনেক ভবিষ্যৎবাণী যা পরবর্তিতে প্রমাণিত হয়েছে।


CONTENTS















* ২৩ বছর ধরে ধারাবাহিকভাবে নাযিল হওয়া এই কোরআনের বিষয় গুলো সম্পূর্ণ ত্রুটিমুক্ত ও মতবিরোধমুক্ত। আর তাতে সর্ব বিষয় বর্ণিত হয়েছে।
* কোরআনের প্রতিটি শব্দ খাঁটি আরবী ভাষায় নাযিল হওয়ার পর থেকে অদ্যাবধি পূর্ণভাবে সংরক্ষিত, যা অন্য কোন ধর্মগ্রন্থের নেই। অন্যান্ন ধর্মগ্রন্থগুলো এখন মূল রূপে নেই।
* কোরআনে রয়েছে সঠিক ও পরিস্কার বিশ্বজনীন বাণী যা সর্বশক্তিমান আল্লাহ সম্পর্কে মানুষের অন্তর্নিহিত বিশ্বাসকে নাড়া দেয় বা দৃড় করে।
* মানুষের উপর এই কোরআনের গভীর প্রভাব রয়েছে-কিন্তু তাহা একমাত্র তারাই উপলব্ধি করতে পারবে, যাদের দিল জীবিত।

কোরআনের অনেক অনন্য ও বিস্ময়কর বিষয়ের যৌক্তিক ব্যাখ্যা থেকে বুঝা যায় যে, এই কোরআন একমাত্র আল্লাহ প্রদত্ত।

## আল্লাহ প্রদত্ত নির্দেশনা

সর্বশক্তিমান আল্লাহর উপর ঈমান আনার পর প্রশ্ন আসে যে, আল্লাহ আমাদেরকে কেন সৃষ্টি করেছেন? তিনি আমাদের থেকে কি চান? এবং আমরা কোন পথে চলবো। তাই আল্লাহ পাক আমাদের প্রতি নবী-রাসুলগণ পাঠাইয়াছেন এবং কোরআন কিতাব নাজেল করেছেন যেন আমরা এগুলির অনুসরণ করে আল্লাহ প্রদত্ব সঠিক পথে চলে দুনিয়া ও আখেরাতে কামিয়াব হতে পারি।

আল্লাহ প্রত্যেক জাতির কাছে কমপক্ষে একজন করে হাজারো নবী প্রেরণ করেছেন, সকল নবীগণের একই আহবান ছিলো তাহলো একমাত্র আল্লাহর এবাদত করা ও তার নির্দেশ মেনে চলা। তাঁদের মধ্যে কয়েকজন বৃহত্তম নবী হলেন-আদম, নূহ, ইব্রাহীম, মুসা, ঈসা (আঃ) এবং মুহাম্মদ (সাঃ)।

হযরত মুহাম্মদ (সাঃ) নবীকূলের শেষ নবী এবং তিনি ছিলেন আমানত, ইনছাফ, রহমত ও সাহসীকতার উদাহরণ স্বরুপ। তিনি আল্লাহর সর্বশেষ বাণী তথা কুরআন নিয়ে প্রেরিত হয়েছেন যাতে লোকদের সামনে ঐসব বিষয় বিবৃত করে দিবেন, যা তাদের প্রতি নাজিল করা হয়েছে। যাতে তারা আল্লাহকে ভয় করবে।

আর এই কোরআন হচ্ছে মানুষের জন্য হেদায়াত স্বরুপ। এর মাধ্যমে আমরা জানতে পারি যে, আমাদের এই জীবনের উদ্দেশ্য কি? আল্লাহ কে? কোন আমল তিনি পছন্দ করেন এবং কোন কাজ বা আমল তিনি পছন্দ করেন্না। এতে রয়েছে পুর্ববর্তী নবীগণের ঘটনাবলী বা কাহিনী সমূহ, বেহেস্ত ও দোযখের বর্ণনা এবং কেয়ামত অর্থাৎ শেষ বিচারের দিনের বর্ণনা ইত্যাদি। আর এই কোরআনের মাধ্যমে আমরা আল্লাহর অস্তিত্ব সম্পর্কে ভুলবঝাবুজির বিষয়টিও বুঝতে পারি। যেমন ঈসা (আঃ) এর বিষয়টি।

*ঈসা (আঃ) অন্যান্য সকল নবীদের মতো অলৌকিক ক্ষমতাসম্পন্ন এবং তিনি লোকদেরকে একমাত্র অদ্বিতীয় আল্লাহর ইবাদত করার আহবান করেছেন। (ছুরা-মরিয়ম- ১৯.৩৬)*


CONTENTS













## যিশু (ঈসা আঃ) এর প্রকৃতি

*ইসলামে আল্লাহর ধারণা সম্পর্কে জানতে গিয়ে এটা জরুরী যে, ঈসা (আঃ) সম্পর্কে আলোচনা করা, কেননা ঈসা (আঃ) এর ব্যাপার নিয়ে ব্যাপক বিভ্রান্তি ও দাবী রয়েছে।*

কিছু খ্রিষ্টান দাবী করে যে যিশুই আল্লাহ (গড্) অথবা তিনের এক, তিনি ভূপৃষ্টে আল্লাহর দেহধারন করেছেন আর তিনিই আল্লাহ মানুষের রূপ ধারণ করেছেন। অথচ খ্রিষ্টানদের পবিত্র কিতাব বাইবেলের মতে যিশু জন্ম গ্রহন করেছেন, খাওয়া দাওয়া করতেন, নিদ্রা যাইতেন, প্রার্থনা করতেন এবং সীমিত জ্ঞান সম্পন্ন ছিলেন। এ সকল কোনই গুণ গড্ বা আল্লাহর সাথে মানানসই নয়। গড্ বা আল্লাহ হচ্ছেন পরিপূর্ণ গুণাবলীর মালিক, অথচ মানুষ ঠিক তার বিপরীত। তাই পরস্পর বিপরীত দুটি সত্বা কেমন করে এক হতে পারে? এটা কখনই যৌক্তিক নয়।

অবশ্য কেউ জিজ্ঞেস করতে পারে গড্ যখন সবকিছুই করতে পারেন, তাহলে তিনি কেন মানুষের রুপ ধারন করেননা ।

এর উত্তর হলো আল্লাহ মানবীয় গুনাবলীর উর্দ্ধে। আল্লাহ যদি মানুষের রুপ ধারণ করেন তাহলে সৃষ্টি আর স্রষ্টার পার্থক্য রইলো কোথায়?

তাছাড়া বাইবেলে ২৬.৩৯ আয়াতে লেখা আছে যে, যিশু সিজদায় পড়ে প্রার্থনা করতেন।

তাহলে প্রশ্ন আসে যে, তিনি কার কাছে প্রার্থনা করতেন ?

*আল্লাহ বলেন-আল্লাহ এমন নন যে, সন্তান গ্রহণ করবেন। তিনি পবিত্র ও মহিমাময় সত্তা। ছুরা-মারয়াম-৩৫*

কিছু খ্রিষ্টান দাবী করে যে যিশু হলেন আল্লাহর পুত্র। তাহলে আমরা আমাদেরকেই জিজ্ঞেস করতে পারি এর অর্থ কি? নিশ্চয়ই আল্লাহ মানুষের মত দেহবিশিষ্ট কোন সত্ত্বা? যে, তার পুত্র আছে? তাহলে সৃষ্টি ও স্রষ্টার পার্থক্য রইলো কোথায়?

বরং আমরা দেখতে পাই “গড এর পুত্র” কথাটি পুরানো বাইবেলের ভাষায় সত্যবাদী ব্যক্তির ক্ষেত্রে ব্যবহৃত হতো। এই কথাটি ওল্ড টেস্টামেন্টের সর্বত্র অনেক সত্যবাদী ব্যক্তি যেমন দাউদ, সুলায়মান এবং ইসরাইলের ক্ষেত্রেও ব্যবহৃত হয়েছে। শুধুমাত্র যিশুর ক্ষেত্রে নয়।

যিশু সম্পর্কে ইসলামী আকিদা হলো, তিনি আল্লাহর প্রেরিত একজন সম্মানিত নবী। তিনি একমাত্র এক আল্লাহর এবাদত করতেন এবং মানব জাতীকে এক আল্লাহর উপাসনার প্রতি দাওয়াত দিতেন আর একমাত্র এই উদ্দেশ্যেই তিনি প্রেরিত হয়েছেন।

## তাহলে আমি এখানে কেন? অর্থাৎ এই জীবনের উদ্দেশ্য কি?

সবাই স্বীকার করবেন যে আমাদের শরীরের বিভিন্ন অংশ যেমন চোখ, কান, ঘিলু এবং হৃদপিন্ডের নির্দিষ্ট লক্ষ ও ভূমিকা রয়েছে। তাহলে এটার অর্থ কি

CONTENTS


ইসলাম সম্পর্কে একটি সংক্ষিপ্ত ভূমিকা
BENGALI (01/05) نبذة عن الإسلام FREE COPY
ইসলামের মৌল বিষয় সমূহ

ইসলামে ইলাহ বা উপাস্য এর মর্ম
BENGALI (02/05) مفهوم الإله في الإسلام FREE COPY
সৃষ্টিকর্তা আল্লাহ (সুবহানাহু ওয়া তায়ালা) থেকে মহান আর কেউ নেই।

নবী হযরত মুহাম্মদ (সাঃ)
BENGALI (03/05) النبي محمد ﷺ FREE COPY
এ মহান ব্যক্তিকে আপনার জানা উচিৎ

জীবনের উদ্দেশ্য কি?
BENGALI (04/05) الغاية من الحياة FREE COPY
আমি কোথা থেকে এসেছি? কেন আমি এই জেন্দেগীতে?

ইসলাম প্রশ্ন / উত্তরে
BENGALI (05/05) الإسلام (سؤال وجواب) FREE COPY




এই নয় যে প্রতেক্যটি মানুষের জীবনের তেমনি একটা উদ্দেশ্য রয়েছে? (তাহলো একমাত্র আল্লাহর এবাদত)

আল্লাহ আমাদেরকে উদ্দেশ্যবিহীনভাবে সৃষ্টি করেননি বা শুধু খানা-পিনা, বিয়ে-শাদী অর্থাৎ মৌল প্রয়োজন মিটাবার জন্য সৃষ্টি করেননি। বরং আমাদের এই জীবনের পিছনে রয়েছে বৃহত্তম উদ্দ্যেশ্য আর তা হলো একমাত্র এক আল্লাহর এবাদত বা উপাসনা করা এবং তার নির্দেশ মোতাবেক চলা। যাতে আমরা আমাদের জীবনের সকল ক্ষেত্রে সফল, সুন্দর, শান্তিময় ও পূর্নময় জীবন লাভ করতে পারি যা সকলের ক্ষেত্রেই উপকার জনক।

আল্লাহ আমাদেরকে আল্লাহ ছাড়া আর কোন কিছুর এবাদত করতে নিষেধ করেছেন চাই সে যেকোন কিছুই হউক না কেন? যেমন মুর্তি পুজা, চন্দ্র-সুর্যপুজা, ধর্মযাজক, এমনকি নবীর পুজা পর্যন্ত হারাম। তিনি (আল্লাহ) কোন সংগী বা মধ্যস্থাকারীর প্রয়োজন বোধ করেন না। প্রত্যেকই আল্লাহর উপাসনা করে সরাসরি তার সান্নিধ্য নৈকট্য লাভ করতে পারে।

আল্লাহ এই জীবনকে একটি পরীক্ষা স্বরূপ বর্ণনা করেছেন। আর সে পরীক্ষা বিভিন্ন প্রকারের। আমাদের ক্ষেত্রে কি ঘটবে সে ব্যাপারে আমাদের কোন নিয়ন্ত্রণ নাই। কিন্তু আমরা আমাদের প্রতিক্রিয়াকে নিয়ন্ত্রণ করতে পারি। আল্লাহর নৈকট্য এবং বেহেস্ত লাভের উপায় হলো বিপদ অবস্থায় ধৈর্য ধারন করা। তার দেওয়া নেয়ামতের শোকর আদায় করা (তার আদেশ নিষেধ মেনে চলা একমাত্র তার এবাদত করা) তেমনিভাবে আল্লাহ আমাদেরকে দোযখের ভয়ংকর শাস্তির ব্যাপারেও সতর্ক করে দিয়েছেন, যদি আমরা তার (আল্লাহর) নির্দেশ পালন না করি বা কুফরি করি।

## তাহলে এখন আমাদের কি করা উচিৎ?

আমাদের কর্তব্য হলো নিজের জ্ঞান-বুদ্ধি দ্বারা আল্লাহর উপর ঈমান আনা, তার আদেশ নিষেধ মেনে চলা একমাত্র তারই এবাদত করা তবেই তাকে বলা হয় মুসলিম।

আল্লাহপাক ইসলাম ধর্মকে প্রত্যেকের জন্যই সহজ করে দিয়েছেন সুতরাং যে কেউ আল্লাহর উপর বিশ্বাস করে (নিম্নের শপথ বাক্যটি পাঠ করে মুসলমান হতে পারে, চাই সে পূর্বে যে কোন ধর্ম থেকেই হউক না কেন ?

শপথ বাক্যটি এই, আমি (বুঝে শুনে) সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া আর কোন উপাস্য নাই এবং আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ (সাঃ) হচ্ছেন আল্লাহর রাসুল।

তোমার জন্য ত্রখনও কি সময় হয়নি যে, তুমি তোমার জীবনের উদ্দেশ্যকে পূরণ করবে, যে উদ্দেশ্যে তোমাকে সৃষ্টি করা হয়েছে এবং সত্যের প্রতি আত্মনিবেদন করবে এবং তোমার স্রষ্টা (আল্লাহ) কে স্বীকার করবে,তার উপর ঈমান আনবে?

CONTENTS


ইসলাম সম্পর্কে একটি সংক্ষিপ্ত ভূমিকা
BENGALI (01/05) نبذة عن الإسلام FREE COPY
ইসলামের মৌল বিষয় সমূহ

ইসলামে ইলাহ বা উপাস্য এর মর্ম
BENGALI (02/05) مفهوم الإله في الإسلام FREE COPY
সৃষ্টিকর্তা আল্লাহ (সুবহানাহু ওয়া তায়ালা) থেকে মহান আর কেউ নেই।

নবী হযরত মুহাম্মদ (সাঃ)
BENGALI (03/05) النبي محمد ﷺ FREE COPY
এ মহান ব্যক্তিকে আপনার জানা উচিৎ

জীবনের উদ্দেশ্য কি?
BENGALI (04/05) الغاية من الحياة FREE COPY
আমি কোথা থেকে এসেছি? কেন আমি এই জেন্দেগীতে?

ইসলাম প্রশ্ন / উত্তরে
BENGALI (05/05) الإسلام (سؤال وجواب) FREE COPY


# ইসলাম প্রশ্ন / উত্তরে

BENGALI (05/05) الإسلام (سؤال وجواب) FREE COPY



## তথ্য উন্মোচন


جمعية دار البر
Dar Al Ber Society
www.daralber.ae

الإمارات
THE EMIRATES

Your Path To Peace..

مركز المعلومات الإسلامي
Islamic Information Center
للتعريف بالإسلام

تصريح رقم:
(2017/139)
دائرة الشؤون الإسلامية والعمل الخيري
Islamic Affairs & Charitable Activities Department

www.islamicic.com


CONTENTS















# ইসলাম কি? এবং কারা মুসলিম ?

ইসলাম একটি পরিপূর্ণ জীবন বিধান। এটা মানুষকে তার স্রষ্টার অর্থাৎ (আল্লাহর) সাথে সম্পর্কের বিষয়ে অনুপ্রাণিত করে এবং আল্লাহর সৃষ্টজীব সমূহের সাথে পারস্পারিক সম্পর্কের নিয়ম কানুন শিক্ষা দেয়। ইসলাম আমাদেরকে শিক্ষা দেয় যে, মানুষ সত্যিকার সুখ ও শান্তি লাভ করতে পারবেনা যতক্ষণ পর্যন্ত সে আল্লাহকে না চিনবে বা না জানবে এবং ইসলামের আদেশ নিষেধ মোতাবেক আমল না করবে।

ইসলামের বাণী খুবই সুস্পষ্ট: তাহলো একমাত্র আল্লাহকে বিশ্বাস ও তাঁর ইবাদত করা এবং আল্লাহর প্রেরিত সর্বশেষ নবী (দূত) মুহাম্মদ (সাঃ) এর উপর ঈমান আনা। ‘ইসলাম’ শব্দের অর্থ হলো এক আল্লাহর নিকট নিজেকে সমর্পন করা। তার অনুসারিরা হচ্ছেন মুসলিম।

# জীবনের উদ্দেশ্য কি ?

আল্লাহ মানুষকে উদ্দেশ্যবিহীন ভাবে জীবন যাপনের জন্য সৃষ্টি করেননি। বরং এই সৃষ্টির পিছনে রয়েছে এক মহৎ উদ্দেশ্য। আর তাহলো আল্লাহর উপর ঈমান আনা ও একমাত্র তারই উপাসনা করা যাতে আমরা আমাদের স্রষ্টার নির্দেশনা মেনে জীবন যাপন করতে পারি। আর এই নির্দেশনা আমাদেরকে একটি পূণ্যময় এবং সফল জীবন যাপন করতে সাহায্য করবে, একই সাথে বেহেশতে প্রবেশ ও দুযখ থেকে বাঁচতে সাহায্য করবে।

*আল্লাহ মানুষকে পথ বেছে নেয়ার স্বাধীনতা দিয়েছেন যার দ্বারা তিনি দেখবেন কে স্বত:স্ফূর্তভাবে তাঁর (নবীর) পথ অনুসরণ করে আর কে না মেনে পিছে হটে যায়।*

একজনের ঈমানের পরীক্ষা হচ্ছে তার মেধা এবং যুক্তির দ্বারা আল্লাহর নিদর্শন খুঁজে নেয়া এবং তাঁর নির্দেশ মেনে চলা।

# আল্লাহ কে?

আল্লাহ এক সত্য মা’বুদের সত্ত্বাগত নাম। আল্লাহর কোন অংশীদার বা সমকক্ষ নাই, এবং তার পিতা মাতা সঙ্গিনী বা সন্তান নেই। আল্লাহর সকল গুণই পরিপূর্ণ। একমাত্র তিনিই সবকিছুর স্রষ্টা পরম দয়ালু, সর্ব শক্তিমান, সর্বোচ্চ ন্যায় বিচারক, প্রজ্ঞাময় এবং সর্বজ্ঞানী। কোন মানুষ বা কোন কিছু আল্লাহর প্রভূত্বের অংশীদার নয় এবং তাঁর ঐশ্বরিক বৈশিষ্টাবলী এমনই যে এগুলো একমাত্র তাঁরই। তাই ইবাদাতের উপযুক্ত একমাত্র তিনিই।

# মুহাম্মদ কে ?

মুহাম্মদ (সাঃ) হচ্ছেন নবীদের মধ্যে সর্বশেষ নবী। তিনি প্রেরিত হয়েছেন সকল মানুষের প্রতি, এই আহবান নিয়ে যে, ইবাদাত একমাত্র আল্লাহর জন্যই, যার কোন অংশীদার নাই। তিনি পিতা, স্বামী, শিক্ষক, নেতা, শাসক অর্থাৎ সকলের জন্য এক আদর্শ ও উজ্জল দৃষ্টান্ত। তাঁর সততা, ন্যায় পরায়নতা, আমানতদারী, দয়া, সাহস ও ন্যায় বিচার ছিলো এক অদ্বিতীয় ও উদাহরণ স্বরূপ। মুসলমানরা তাকে প্রাণভরে মুহাব্বত ও এহতেরাম করা সত্ত্বেও তার এবাদাত করেনা।

CONTENTS

ইসলাম সম্পর্কে একটি সংক্ষিপ্ত ভূমিকা
BENGALI (01/05) نبذة عن الإسلام FREE COPY
ইসলামের মৌল বিষয় সমূহ

ইসলামে ইলাহ বা উপাস্য এর মর্ম
BENGALI (02/05) مفهوم الإله في الإسلام FREE COPY
সৃষ্টিকর্তা আল্লাহ (সুবহানাহু ওয়া তায়ালা) থেকে মহান আর কেউ নেই।

নবী হযরত মুহাম্মদ (সাঃ)
BENGALI (03/05) النبي محمد ﷺ FREE COPY
এ মহান ব্যক্তিকে আপনার জানা উচিৎ

জীবনের উদ্দেশ্য কি?
BENGALI (04/05) الغاية من الحياة FREE COPY
আমি কোথা থেকে এসেছি? কেন আমি এই জেন্দেগীতে?

ইসলাম প্রশ্ন / উত্তরে
BENGALI (05/05) الإسلام (سؤال وجواب) FREE COPY

# ইসলামের উৎস কি ?

ইসলামের প্রাথমিক বা মূল উৎস হচ্ছে কুরআন, আর এটাই হচ্ছে ইসলামী শিক্ষার নীতিমালা। সুন্নাহ হচ্ছে দ্বিতীয় উৎস যা হলো নবী মুহাম্মদ (সাঃ) এর বাণী ও কাজের সংফল বা নিদর্শন। যা তার সঙ্গী সাহাবায়ে কেরাম ও পরবর্তীতে বিশ্বস্ত ও নির্ভরযোগ্য সূত্রে আমাদের নিকট পৌঁছিয়াছে।

এগুলো যেহেতু ব্যাপক ভাবে তথা অক্ষরে অক্ষরে যাচাই ও অনুমোদন করা হয়েছে তাই এগুলো মুসলমানদের অনুসরণ করতে হবে। কেননা সকল ইসলামী শিক্ষা এই দুই নির্ভরযোগ্য সূত্র থেকে প্রাপ্ত তাহলো “কুরআন” ও সুন্নাহ (হাদীস)।

# কুরআন কি?

কুরআন হচ্ছে মানবজাতির জন্য সর্বশেষ প্রেরিত চূড়ান্ত গ্রন্থ, যা ন্যায়-অন্যায়ের নির্দেশিকা এবং সত্য-মিথ্যার সঠিক নির্ণয়ক। এটা আল্লাহর অলৌকিক বাণী যা ফেরেশতা জিব্রাইল (আঃ) এর মাধ্যমে মুহাম্মদ (সাঃ) এর কাছে প্রেরিত হয়েছে। কুরআনে মানবজীবনের প্রয়োজনীয় সর্ববিষয়ের বিবরণ ও সমাধান রয়েছে। যেমন সৃষ্টির উদ্দেশ্য, মা’বুদের অর্থ কোন আমল আল্লাহ পছন্দ করেন আর কোন আমল তাঁর অপছন্দীয়, নবীদের কাহিনী, বেহেস্ত, দোযখ ও কেয়ামতের দিন সম্পর্কে আলোচনা ইত্যাদি। কোরআনের সবচেয়ে বড় আশ্চর্যজনক অলৌকিক দিক হলো ১৪০০ শত বছর আগে নাযিল হওয়া সত্ত্বেও এখন ও তা হুবহু সংরক্ষিত আছে। এতে রয়েছে অনেক বিজ্ঞানসম্মত ও ঐতিহাসিক তথ্য যা তখনকার মানুষের অজানা ছিল এবং যা সাম্প্রতিক কালে আবিস্কৃত হয়েছে। কোরআন যে খোদাপ্রদত্ত তার একটি প্রমাণও এটি।

# ইসলামের মৌল উপাদান (আরকান) কি কি ?

ইসলামের ভিত্তি হলো পাঁচটি ।

**১ম স্তম্ভ:** ঈমানের সাক্ষ্য, অর্থাৎ আল্লাহ ছাড়া আর কোন উপাস্য বা মা’বুদ নাই এবং মুহাম্মদ (সাঃ) হলেন আল্লাহর প্রেরিত সর্বশেষ রাসুল।

**২য় স্তম্ভ:** নামাজ যা দিনে পাঁচবার। ফজর, জোহর, আছর, মাগরিব এবং এশা, এগুলি নির্ধারিত সময়ে আদায় করা ।

**৩য় স্তম্ভ:** যাকাত- এটা হচ্ছে সামর্থবানদের সম্পদের বার্ষিক বাধ্যতামূলক একটি নির্ধারিত অংশ গরীব, মিসকিনদের মধ্যে বিতরণ করা।

**৪র্থ স্তম্ভ:** রমযানের রোজা। অর্থাৎ রোযাদারকে অবশ্যই খাবার-পানীয় এবং স্ত্রী সহবাস হতে সুবেহ সাদিক হওয়ার পর থেকে সূর্যাস্ত পর্যন্ত বিরত থাকা, তেমনিভাবে সকল মন্দ কাজ পরিহার করা কর্তব্য।

**৫ম স্তম্ভ:** হজ্ব: এটা শারিরিক ও আর্থিক সামর্থবান মুসলমানদের ক্ষেত্রে প্রযোজ্য। সামর্থবান মুসলমানদের জীবনে একবার মক্কায় গিয়ে হজ্ব পালন করা ফরয। হজ্বে রয়েছে মুসলমানদের ঐক্য, আত্মত্যাগ, প্রার্থনা, নামায, কোরবানী, দান ছদকা ইত্যাদি সর্ব প্রকার ইবাদাত। যা মুসলিম জাতির মাঝে ঐক্য সংহতি সৃষ্টি করে।


CONTENTS













# মুসলমানরা ঈসা (আঃ) ও অন্যান্য নবীদের সম্পর্কে কি ধরণের আকীদা রাখে?

আল্লাহ তায়ালা হাজার হাজার নবী প্রেরণ করেছেন, প্রত্যেক জাতির প্রতি অন্তত একজন নবী পাঠিয়েছেন। সকল নবীদের একটিই বাণী ছিলো, তা হলো একমাত্র আল্লাহর উপাসনা করবে এবং আল্লাহর সাথে কাউকে অংশিদার করবে না। এসকল নবীদের মধ্যে কয়েকজন হলেন, আদম, নূহ, ইউসুফ, ইব্রাহীম, ইয়াকুব, ইছহাক, মুসা, ঈসা, এবং মুহাম্মদ (সাঃ), ঈসা আ: হলেন প্রধান নবীদের মধ্যে অন্যতম। তাঁর জন্ম হলো এক অলৌকিক কায়দায়। তিনি জন্ম নিয়েছেন পিতা ব্যতিত। তিনি এক কুমারী মাতার সন্তান। খোদার হুকুমে অনেক অলৌকিক ঘটনা তাঁর হাতের উপর দিয়ে ঘটেছে।

# মন্দ বা খারাপ কিছু ঘটার কারণ কি ?

আল্লাহ মানুষকে বিভিন্নভাবে পরীক্ষা করেন। কখনো সুখ-শান্তির দ্বারা যেমন, স্বাস্থ্য, মাল- -দৌলত, মান সম্মান, ইত্যাদি। আবার কখনো দুংখ কষ্টের দ্বারা যেমন, প্রাকৃতিক দুর্যোগ বিপদ- -আপদ ইত্যাদি। আল্লাহর নৈকট্য ও বেহেস্ত লাভ করার উপায় হলো বিপদ-আপদে,ধৈর্য ধারণ করা ও সুখ-শান্তিতে আল্লাহর শোকর আদায় করা। অবশ্য এই জীবনের দুঃখ কষ্ট ক্ষণস্থায়ী অথচ বেহেশতে রয়েছে অনন্ত শান্তি।

আল্লাহ বলেন-তিনি সেই সত্ত্বা-যিনি সৃষ্টি করেছেন মরণ ও জীবন। যাতে তোমাদেরকে পরীক্ষা করেন কে তোমাদের মধ্যে কর্মে (আমলে) শ্রেষ্ঠ। ছুরা-মূলক-২

# মৃত্যুর পরে কি ঘটবে ?

সাময়িক জীবন থেকে অনন্ত জীবনের পথ হল মৃত্যু। প্রত্যেক মানুষকে উত্থীত করা হবে কিয়ামতের দিন এবং জবাবদিহি করতে হবে তাদেরকে। এইদিন ন্যায় বিচারের দিন, যে দোষ করবে বা নির্যাতিত হবে কেয়ামতের দিন মহান ন্যায় বিচারক আল্লাহ তাঁর বিচার করবেন। যারা আল্লাহর নির্দেশ মেনে চলবে এবং আল্লাহর ইবাদত করবে তাদেরকে বেহেশতে প্রবেশ করা হবে। আর যারা বিপরীত কাজ করবে তাদেরকে দোযখে নিক্ষেপ করা হবে।

মৃত্যুর পর পুনরুত্থান যদি না থাকে তাহলে ভাল কাজের পুরস্কার এবং মন্দ কাজের শাস্তির বিষয়টি আল্লাহর চূড়ান্ত ন্যায় বিচারের সাথে সংগতিপূর্ণ হবে না এবং জীবনও সুন্দর হবে না। অর্থাৎ যে নেক আমল করবে, তার জন্য পুরুস্কার। আর যে, বদ-আমল করবে, তার জন্য শাস্তি।

# ইসলামে সবচেয়ে বৃহত্তম পাপ কি?

ইসলামে সবচেয়ে বড় পাপ হলো আল্লাহ ছাড়া অন্য কাহারও এবাদাত করা বা আল্লাহর সাথে কাউকে শরীক করা বা তার সমকক্ষ মনে করা। যেমন মূর্তি পুজা করা, ঈশ্বর বা দেবতা বিশ্বাস করা, আল্লাহর পুত্র আছে বলে মনে করা বা তার সাথে কাউকে শরীক করা বা স্বয়ং আল্লাহকে অবিশ্বাস করা। এগুলো ইসলামে মহাপাপ।


CONTENTS















# ইসলাম নারীকে কোন দৃষ্টিতে দেখে? (অর্থাৎ ইসলামে নারীর স্থান বা মর্যাদা কি)?

ইসলামে কৃতকর্মের প্রতিদানের ক্ষেত্রে নারী পুরুষ সমান, উভয়ে তাদের কৃতকর্মের ফলাফল সমানভাবে পাবে। যেমন আল্লাহ তায়ালা বলেন-"যে (নেক আমল) সৎকর্ম সম্পাদন করে এবং সে ঈমানদার, পুরুষ হোক কিংবা নারী হোক আমি তাকে পবিত্র জীবন দান করবো। আর প্রতিদানে তাদেরকে (তাদের উত্তম কাজের কারণে) প্রাপ্য পুরস্কার দেব। (সূরায়ে নাহাল-৯৬)

তবে আল্লাহ তায়ালা উভয়কে ভিন্ন ভিন্ন ভূমিকা ও দায়িত্ব প্রদান করেছেন। তাদের মানবিক, মানষিক, শারীরিক অবস্থান হিসাবে।

ইসলামে নারীদেরকে সর্বোচ্চ মর্যাদা ও অধিকার দেয়া হয়েছে, তাদের প্রতি কোন নিপীড়ন বা নির্যাতন করা হয়নি।

# আদি পাপের বিষয়ে ইসলামের কি ধারনা ?

আদি পাপের কোন অস্তিত্ব বা ধারণা ইসলামে নেই। আল্লাহ একজনের পাপের জন্য অন্যকে দায়ী করেননা বা যার দায়িত্ব নয় তাকে শাস্তি দেননা। আল্লাহ ন্যায় বিচারক।

# জিহাদ কি?

জিহাদ হচ্ছে আল্লাহর আদেশ অনুযায়ী ধর্মের জন্য সংগ্রাম এবং আত্মত্যাগ করা। জিহাদের শাব্দিক অর্থ হচ্ছে "সাধনা"।

যেমন ইবাদাত ও নেক কাজে সাধনা বা চেষ্টা করা, দান সদকা করা, ইসলামী সামরিক কর্মে যোগদান করা ইত্যাদি। সাধারণভাবে জিহাদ সকলের নিকট পরিচিত হলো ধর্মীয় দৃষ্টিভঙ্গীতে জুলুম, নিপীড়ন বন্ধ এবং মঙ্গল ও ন্যায় বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে ইসলামী রাষ্ট্র প্রতিরক্ষা করার উদ্দেশ্যে সংগ্রাম বা লড়াই করা আল্লাহ প্রদত্ব তরীকা মোতাবেক।

# ইসলাম কি সন্ত্রাসবাদকে সমর্থন করে?

যুদ্ধে, নির্দোশদেরকে আক্রমন করা ঘৃণ্য কাজ; যা ইসলামে নিষিদ্ধ বা হারাম। অপ্রয়োজনে গাছ-পালা কাটা বা পশু হত্যা পর্যন্ত নিষেধ। ইসলামে যুদ্ধ সংক্রান্ত নৈতিক নির্দেশিকার মধ্যে এটি অন্যতম। তাই এটা আমাদের জন্য জরুরী যে, সন্ত্রাসবাদ এবং বৈধ প্রতিরোধ এর মধ্যে পার্থক্য বুঝে নেয়া।

CONTENTS





















# সকল ধর্মই কি সদৃশ বা মিলযুক্ত।

সঠিক আচরণ এবং অন্যের প্রতি সদয় হওয়ার শিক্ষা এবং আরো কিছু বিষয়ে বিভিন্ন ধর্মের মধ্যে অভিন্নতা লক্ষ্য করা যায় এবং ইসলামে বিশেষ করে আল্লাহর মহিমা, আল্লাহর একাত্ববাদ এবং পরিপূর্ণতার বিষয়ে বিশেষ জোর ও গুরুত্ব দিয়ে থাকে। ইসলাম প্রাথমিক ভাবে শিক্ষা দেয় যে, আল্লাহ সম্পূর্ণ ভিন্ন একসত্ত্বা এবং তাঁর সৃষ্টির তুলনায় অনন্য এবং সকল প্রশংসা ও উপাসনা সরাসরি সম্পূর্ণরূপে তাঁরই প্রাপ্য। ইসলাম পরিপূর্ণ জীবন ব্যবস্থা। ইসলাম আল্লাহ প্রেরিত কোন নবীকে অস্বীকার করেনা বরং মনে করে প্রত্যেক নবীই এক এবং অভিন্ন এক বার্তা নিয়ে এসেছেন। তাহলো একমাত্র এক আল্লাহর উপর ঈমান আনা ও একমাত্র তাঁর এবাদাত করা। তার সাথে কাউকে শরীক না করা।

# হালাল খাবার কি?

মুসলমানদের জন্য আল্লাহ অনুমোদিত খাবারই হালাল এবং বৈধ। সাধারণত সকল প্রকার খাবার ও পানিয় হালাল, বিশেষ কিছু খাবার ও পানিয় ছাড়া। যেমন:শুকুরের মাংস, ও মদ ইত্যাদি। তবে এটা কর্তব্য যে পশু জবাইয়ের প্রক্রিয়া যেন আল্লাহর নাম নিয়ে এবং বিশুদ্ধ ও মানবিক উপায়ে হয়, যাতে পশুর কষ্ট কম হয়। অর্থাৎ ইসলামের বিধান অনুযায়ী যেন হয়।

# কে হতে পারে মুসলিম?

আল্লাহ সকল মানুষের জন্য ইসলামের দরজা খুলে দিয়েছেন। তাই যে কেউ যেকোন সময় বিশ্বাসের সাথে নিম্নলিখিত সাক্ষ্য উচ্চারণ করে মুসলমান হতে পারে।

তাহলো- "আমি সাক্ষ্য দিচ্ছি আল্লাহ ছাড়া উপাস্য আর কেউ নাই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ (সাঃ) আল্লাহর প্রেরিত রাসুল"।

মুসলমান হয়ে উঠার পর একজনকে জীবনের সঠিক লক্ষ্য অর্জনের জন্য সচেষ্ট হতে হবে এবং এর দ্বারা পরকালে চিরকাল বসবাসের জান্নাত লাভ নিশ্চিত হবে।

ইসলাম ধর্ম গ্রহণ করার পর তার জীবন হবে এক সঠিক উদ্দেশ্য মুলক জীবন এবং তা দ্বারা নিশ্চিত হবে পরকালে তারজন্য চিরস্থায়ী জান্নাত।

*সঠিক মুসলমান হওয়ার অর্থ হলো সর্ব প্রথম এক আল্লাহর উপর ঈমান আনতে হবে, একমাত্র তার রাজীর উদ্দেশ্যে তার এবাদাত করতে হবে, তার আদেশ নিষেধ মেনে চলতে হবে। তবেই সে দুনিয়া আখেরাতের শান্তি লাভ করতে পারবে।*

Part of the

مـركـز المعلومات الإسلامي
Islamic Information Center
للتعريف بالإسلام

# ISLAMIC e-LIBRARY

Learn more about Islam with our informative and educational materials, translated to over 50+ languages

Quran
Flyers
Books

iicdxb.com/flyers

@islamicicdxb